**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭
উত্তরা, ঢাকা-১২৩০।
[জনপ্রশাসন শাখা]
www.dknvat.gov.bd

নথি নম্বর- ৫(৩)/ঢাকা উত্তর/জঃ প্রঃ/সদর/১৩/২০২৪/৩৭১ তারিখ: ১৭ / ০৮ /২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা'র ১১-২০তম গ্রেডের শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত ব্যবহারিক পরীক্ষা ও মৌখিক পরীক্ষার স্থান, সময়সূচী ও নির্দেশনা নিম্নরূপ:

**(ক) ব্যবহারিক পরীক্ষা:** কম্পিউটার অপারেটর, সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা **২০/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে বিসিএস (কর) একাডেমি (ঠিকানা: ৪৭ সিদ্ধেশ্বরী সার্কুলার** রোড, **ঢাকা-১২১৭)** এ অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রবেশপত্র ও অনলাইনে পূরণকৃত Applicant's Copy নিয়ে আসতে হবে।

**(খ) মৌখিক পরীক্ষা:** পরিসংখ্যান অনুসন্ধায়ক, ক্যাশিয়ার ও ফটোকপি অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার অপারেটর, সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মৌখিক পরীক্ষা **২৩/০৮/২০২৬ খ্রি. এবং ২৪/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (ঠিকানা: বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭ উত্তরা, ঢাকা-১২৩০)** এ অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত দলিলাদি নিয়ে আসতে হবে:

১. অনলাইনে পূরণকৃত Applicant's Copy;
২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি;
৩. নাগরিক সনদপত্রের মূল কপি;
৪. জাতীয় পরিচয়পত্রের মূল কপি;
৫. কোটার সমর্থনে সনদপত্রের মূল কপি;
৬. মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের পক্ষে পরিচিতি সনদ;
৭. সকল সনদের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট; এবং
৮. ০৫ (পাঁচ) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

২। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটির সুপারিশ অনুযায়ী প্রার্থী নির্বাচন করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফলসহ প্রার্থী নির্বাচন সংক্রান্ত তথ্য এ দপ্তরের ওয়েবসাইট (www.dknvat.gov.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৩। কোনো প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত ভঙ্গ করলে নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

কামনাশীষ
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি